

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৫৩৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১২]

৬। مُسَافِرِ الدِّرَجَاتِ وَتَارِكِ الْمَسَاجِدِ (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ৯. মুয়ায়্যিন ইকামাত দেয়া শুরু করলে নফল সালাত শুরু করা মাকরুহ

بَابِ كَرَاهَةِ الشُّرُوعِ فِي نَافِلَةٍ بَعْدِ شُرُوعِ الْمُؤْذِنِ

আরবী

حَدَّثَنَا أَبُو كَامِلِ الْجَهْدَرِيُّ، حَدَّثَنَا حَمَّادٌ يَعْنِي أَبْنَ زَبِيدٍ، حَوْدَثَنِي حَامِدُ بْنُ عُمَرَ الْبَكْرَاءِ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ يَعْنِي أَبْنَ زَيَادٍ، حَوْدَثَنَا أَبْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، كُلُّهُمْ عَنْ عَاصِمٍ، حَوْدَثَنِي زَهِيرُ بْنُ حَرْبٍ، - وَاللَّفْظُ لَهُ - حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ الْفَزَارِيُّ، عَنْ عَاصِمِ الْأَحْوَلِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ، قَالَ دَخَلَ رَجُلٌ الْمَسْجِدَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الْغَدَاءِ فَصَلَّى رَكْعَتَيْنِ فِي جَانِبِ الْمَسْجِدِ ثُمَّ دَخَلَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " يَا فُلَانُ بْنَ أَبِي الصَّلَاتَيْنِ اعْتَدْتَ أَبِصَلَاتِكَ وَحْدَكَ أَمْ بِصَلَاتِكَ مَعَنَا " .

বাংলা

১৫৩৬-(৬৭/৭১২) আবু কামিল আল জাহদারী, হামিদ ইবনু উমার আল বাকরাব, ইবনু নুমায়র, যুহায়র ইবনু হারব শব্দগুলো তার (রহঃ) আবদুল্লাহ ইবনু সারজিস (রায়ঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি মসজিদে আসল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে সময় ফজরের সালাত আদায় করেছিলেন। লোকটি মসজিদের এক পাশে গিয়ে দু' রাকাআত সালাত আদায় করে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাতে শামিল হ'ল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফেরার পর তাকে লক্ষ্য করে বললেনঃ হে অমুক! তুমি কোন দু' রাকাআত সালাতকে ফারয (ফরয) সালাতরূপে গণ্য করলে? একাকী যে দু' রাকাআত আদায় করলে সে দু' রাকাআতকে*? (ইসলামী ফাউন্ডেশন, ১৫২১, ইসলামীক সেন্টার ১৫২৮)

English

'Abdullah b. Sarjis reported:

A person entered the mosque, while the Messenger of Allah (صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) was leading

the dawn prayer. He observed two rak'ahs in a corner of the mosque, and then joined the Messenger of Allah (ﷺ) in prayer. When the Messenger of Allah (ﷺ) had pronounced salutations (he had concluded the prayer), he said: O, so and so, which one out of these two prayers did you count (as your Fard prayer), the one that you observed alone or the prayer that you observed with us?

ফুটনোট

* ইমাম নাবাবী (রহঃ) বলেন, এ হাদীস ইকামাতের পর কোন সালাত আদায় না করার দলীল যদিও ইমামের সাথে সালাতে গিয়ে মিলিত হতে পারে এবং যে ব্যক্তি বলে প্রথম বা দ্বিতীয় রাকাআত ইমামের সাথে পেলে সুন্নাত আদায় করা যাবে- এ হাদীস তার বক্তব্যকে প্রত্যাখ্যান করছে। (সুফলিন শারহে নাবাবী- ১ম খণ্ড ২৪৭ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=48291>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন